দৈনিক বাংলা

তারিখ ... 26 JUL 1997 .. ...
পৃষ্ঠা 9 কলাম .. 5 ......

24

# দেশে নতুন ৫ হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে

রাজশাহী, ২৪ জুলাই।–প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উপমন্ত্রী অধ্যাপিকা জিন্নাতুন নেসা তালুকদার আজ জেলার কাদিরগঞ্জে দড়িখরবোনা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন করেন। বিদ্যালয়ের এ নতুন ভবনটি ২৫ লাখ টাকা ব্যয়ে ফ্যাসিলিটিজ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে নির্মিত হয়েছে।

এ উপলক্ষে আয়োজিত সমাবেশে উপমন্ত্রী বলেন, সরকার আগামী দশ বছরের মধ্যে দেশ থেকে নিরক্ষরতার অভিশাপ দূর করতে বদ্ধপরিকর। এ লক্ষ্য অর্জনে বর্তমান সরকার দেশে ১৯ হাজার পাঁচশ' প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ এবং নতুন পাঁচ হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কাজ হাতে নিয়েছে। খবর তথ্য বিবরণীর।

উপমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু যখন যুদ্ধবিধ্বস্ত অর্থনীতি ও ভৌত অবকাঠামো পুনর্গঠন ও পুনর্নির্মাণে ব্যস্ত তখন তিনি উপলব্ধি করেছিলেন নিরক্ষরতা জাতীয় উন্নয়নের অন্তরায়।

এ কারণে তিনি প্রাথমিক শিক্ষাসহ সবার জন্য শিক্ষা কর্মসূচীকে সর্বপ্রথম সংবিধানে অন্তর্ভুক্ত করেছিলেন। বঙ্গবন্ধু শিক্ষার ওপর সর্বাধিক গুরুত্ব প্রদান করে ৩৬ হাজার ১৬৫টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীর চাকরি সরকারীকরণ করেন এবং সঙ্গে সঙ্গে দেশে ১১ হাজার নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেন।

জিন্নাতুন নেসা অভিভাবকদেরকে তাদের ছেলেমেয়েদের নিয়মিত স্কুলে পাঠানোর আহ্বান জানিয়ে সরকার গৃহীত সকল শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা করার আহ্বান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তৃতা করেন রাজশাহী মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এ এইচ এম খায়রুজ্জামান লিটন।

এর আগে, উপমন্ত্রী জেলার সাগরপাড়া ও মুন্সিডাঙ্গায় জাতীয় মহিলা সংস্থা পরিচালিত নগর ভিত্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (দ্বিতীয় পর্যায়) অফিসে আয়োজিত পৃথক সমাবেশে বক্তৃতা করেন। তিনি প্রকল্প দুটির সার্বিক উন্নয়নে সম্ভাব্য সকল প্রকার সরকারী সাহায্য-সহযোগিতা করার আশ্বাস দেন।